# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।

Email : crmchandpur@krishibank.org.bd
Phone: 0841-63587

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

**বিষয় ঃ জুলাই, ২০২০ হতে সেপ্টেম্বর, ২০২০ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ হায়াত মাহমুদ খান, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক। |
| তারিখ ও সময় | ঃ | ২৯-০৯-২০২০ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকা। |
| স্থান | ঃ | মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর। |
| উপস্থিতি | ঃ | প্রতিবেদন প্রস্তুতকারী, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও নৈতিকতা কমিটির সদস্যসহ সভাপতি মহোদয়। |

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে নতুন অর্থ বছরের ১ম প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী গৃহীত সকল কার্যক্রম দায়সারাভাবে সম্পাদন না করে অত্র কার্যালয়সহ সকল শাখায় প্রকৃত অর্থেই শুদ্ধাচার চর্চা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করার জন্য আহবান জানান।

০২। সভায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জুলাই, ২০২০ হতে সেপ্টেম্বর, ২০২০ সময়কালের ১ম প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনার উদ্দেশ্যে উপস্থাপন করেন।

০৩। সভায় বিভিন্ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয় ঃ

৩.১) প্রতি প্রান্তিকের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা ত্রৈমাসিকের শেষ সময়ে না করে মাসের মাঝামাঝি সময়ে আয়োজন করতে হবে;

৩.২) প্রনোদনা প্যাকেজের সুদের হারসহ সকল প্রাসঙ্গিক তথ্য, ঋণ সহজীকরণ সার্কুলারের তথ্য স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদকরণে সংযোজন করতে হবে;

৩.৩) শাখা/ কার্যালয়ের অভিযোগ বক্স নিয়মিত পরীক্ষা করে গ্রাহকের কোন অভিযোগ পাওয়া গেলে অত্র কার্যালয় কর্তৃক দ্রুততম সময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৩.৪) ব্যাংকের কর্ম পরিকল্পনা মোতাবেক আগামী জুন, ২০২১ এর মধ্যে অত্র মুখ্য অঞ্চলাধীন সকল শাখা অনলাইন ব্যাংকিং সেবার আওতায় আনার জন্য আইসিটি অপারেশন বিভাগ এবং আইসিটি সিস্টেমস, মোবাইল ব্যাংকিং ও কার্ড ডিভিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩.৫) বাংলাদেশ কৃষি ব্যাংক এর হিসাব ম্যনুয়াল, ঋণ ম্যানুয়াল, পরিপত্র সমূহের যথাযথভাবে প্রয়োগ এবং বাস্তবায়ন করতে হবে ।

৩.৬) ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরনের স্বচ্ছতা ও দ্রুততা নিশ্চিত করার স্বার্থে অভ্যন্তরীন নিয়ন্ত্রন ও পরিপালন ম্যানুয়াল-২০১৮; ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা নীতিমালা- ২০১৮, ঋণের খাতে শাখা ব্যবস্থাপকদের ব্যবসায়িক ও ঋণ নবায়ন ক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত সার্কুলার অনুসরন করে ঋণ প্রদান এবং নতুন গ্রাহক সৃষ্টি করতে হবে।

৩.৭) সামাজিক নিরাপত্তার আওতায় সরকারি বিভিন্ন ভাতা/কর্মসূচীসমূহ সঠিক ও নৈতিকতার সাথে পরিপালন করতে হবে এবং প্রাপ্ত /বরাদ্দকৃত অর্থ সুষ্ঠভাবে স্ব-স্ব হিসাবের মাধ্যমে বন্টন করতে হবে।

৩.৮) ব্যাংকের স্ব-স্ব সেবা প্রদান প্রতিশ্রুতিসমূহ বা সিটিজেন চার্টার শাখা/কার্যালয়ের দৃশ্যমান স্থানে প্রকাশ করতে হবে এবং বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-২

৩.৯) শাখা/কার্যালয়ের কর্ম-পরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্যবিধিমালা অনুসরন এবং কোভিড-১৯ প্রতিরোধে স্বাস্থ্য অধিদপ্তর এবং **IEDCR** সহ অন্যান্য সকল সরকারী নির্দেশনা মেনে ব্যক্তিক পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে হবে।

৩.১০) শাখা পরিদর্শনে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনাসমূহ অন্তর্ভূক্ত করতে হবে;

৩.১১) গ্রাহক সেবা বিষয়ক শাখা/কার্যালয়ে গনশুনানি/ গ্রাহক সমাবেশের আয়োজন করতে হবে;

৩.১২) শাখা/কার্যালয়ে বরাদ্দকৃত বাজেটের সদ্যবহার নিশ্চিত করতে হবে;

৩.১৩) প্রতি প্রান্তিকের ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরনীসহ প্রতি প্রান্তিকের শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনার অগ্রগতির প্রতিবেদনসমূহ ওয়েবসাইটে আপলোডসহ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগকে অবহিত করতে হবে;

৩.১৪) সকলকে ব্যাংক শুরুর নির্ধারিতসময়ের পূর্বেই কার্যালয়/শাখায় আগমন করে হাজিরা খাতায় স্বাক্ষর করতে হবে। নির্দিস্ট সময় এর পূর্বে কেউ অফিস ত্যাগ করতে পারবে না। প্রয়োজন হলে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে অফিস ত্যাগ করবে।

৩.১৫) নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ শাখা ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের একান্ত সহযোগিতার মাধ্যমে শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

৩.১৬) উপরোক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ২য় ত্রৈমাসিক/ প্রান্তিকের (অক্টোবর, ২০২০ - ডিসেম্বর, ২০২০) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০৯/২০২০

(মোহাম্মদ হায়াত মাহমুদ খান)
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক
ও
সভার সভাপতি

নং-মুআকা(চাঁদ)প্রশা-১২১/জাতীয় শুদ্ধাচার-০১/২০২০-২০২১/ ১১৭৭ (০২)

তারিখ ঃ ২১-১০-২০২০ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, কুমিল্লা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর।
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, চাঁদপুর মুখ্য অঞ্চল, চাঁদপুর।

২১/১০/২০২০
(মোঃ ফজলুল হক ভুইয়া)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

# বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।

## জুলাই,২০২০ হতে সেপ্টেম্বর, ২০২০ সময়কালের ১ম প্রান্তিকের

## শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা

তারিখ ঃ ২৯-০৯-২০২০

স্থান ঃ বাংলাদেশ কৃষি ব্যাংক,মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর।

| ক্রঃ নং | উপস্থিত সদস্যদের নাম | পদবী | কমিটিতে স্থান | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ হায়াত মাহমুদ খান | মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক,<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর। | সভাপতি | [signature] |
| ০২ | জনাব মাহবুবুর রহমান | আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,<br>আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চাঁদপুর। | সদস্য | [signature] |
| ০৩ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | ব্যবস্থাপক, চাঁদপুর শাখা। | সদস্য | [signature] |
| ০৪ | জনাব মোঃ ফজলুল হক ভুইয়া | উর্ধতন মুখ্য কর্মকর্তা,<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা | [signature] |
| ০৬ | জনাব সুভদ্রা সাহা | কর্মকর্তা,<br>মুখ্য আঞ্চলিক কার্যালয়, চাঁদপুর। | প্রতিবেদন প্রস্তুতকারী | [signature] |